



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বর: ৮৩/২০২৩

তারিখ: ১৯ আশ্বিন, ১৪৩০
০৪ অক্টোবর, ২০২৩

ব্যাংকার্স সিলেকশন কমিটির অন্তর্ভুক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ২০২০ সাল ভিত্তিক বিভিন্ন পদে নিয়োগের উদ্দেশ্যে
অনুষ্ঠায় প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার কেন্দ্র ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে ২০২০ সাল ভিত্তিক বিভিন্ন পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে
গত ২২/১২/২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৮৭/২০২১ এবং ২৬/১২/২০২১ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি নং-১৯০/২০২১ এর সূত্রে
নিম্নবর্ণিত পদসমূহের অনলাইনে আবেদনকারী প্রার্থীদের ৩ ঘন্টাব্যাপী (প্রিলিমিনারি- ১ ঘন্টা ও লিখিত পরীক্ষা- ২ ঘন্টা) পরীক্ষাসমূহ বর্ণিত
কেন্দ্রসমূহে নিম্নোক্ত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে-

সিনিয়র অফিসার (আইটি) (Job ID: 10149):

ক্রমিক নং	কেন্দ্রের নাম	তারিখ ও সময়	রোল নং	প্রার্থী সংখ্যা
১.	বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, শের-ই-বাংলানগর, তালতলা, আগারগাঁও, ঢাকা-১২০৭	১৩/১০/২০২৩ (শুক্রবার) সকাল ৯.৩০ হতে দুপুর ১২.৩০ (৩ ঘন্টা)	১০০০১-১৩৫০০	৩৫০০ জন
২.	মডেল একাডেমি, পাইকপাড়া গভর্নমেন্ট (ডি-টাইপ) কলোনি, মিরপুর-১, ঢাকা-১২১৬।		১৩৫০১-১৫৫০০	২০০০ জন
৩.	ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, প্রিন্সিপাল আবুল কাসেম সড়ক, মিরপুর-১, ঢাকা- ১২১৬।		১৫৫০১-১৭০০০	১৫০০ জন
৪.	সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ, গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।		১৭০০১-১৯৪০৭	২৪০৭ জন
			মোট=	৯৪০৭ জন

অফিসার (আইটি) (Job ID:10152):

ক্রমিক নং	কেন্দ্রের নাম	তারিখ ও সময়	রোল নং	প্রার্থী সংখ্যা
১.	বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি, শের-ই-বাংলানগর, তালতলা, আগারগাঁও, ঢাকা-১২০৭।	১৪/১০/২০২৩ (শনিবার) সকাল ৯.৩০ হতে দুপুর ১২.৩০ (৩ ঘন্টা)	২০০০১-২৩২০০	৩২০০ জন
২.	মডেল একাডেমি, পাইকপাড়া গভর্নমেন্ট (ডি-টাইপ) কলোনি, মিরপুর-১, ঢাকা-১২১৬।		২৩২০১-২৫২১৪	২০১৪ জন
			মোট=	৫২১৪ জন

০২। আবেদনকারী প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>=>Job openings of BSCS) আপলোড করা হয়েছে। পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের উপর্যুক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৩। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।

০৪। সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ১ ঘন্টা পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষার কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরুর পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। এক্ষেত্রে বিলম্বে উপস্থিতি কোনো অজুহাতেই গ্রহণযোগ্য হবে না।

০৫। প্রবেশপত্র (০১ কপি) ব্যতীত কোনো ধরণের কাগজ, বই, মানিব্যাগ, মোবাইল ফোন, ক্যালকুলেটর, ইলেক্ট্রনিক কার্ড (স্মার্ট কার্ড, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা অনুরূপ অন্য কোন কার্ড), ডিজিটাল/স্মার্ট ওয়াচ বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করা যাবে না। উল্লিখিত কোনো কিছু পরীক্ষা চলাকালীন পাওয়া গেলে কিংবা অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে পরীক্ষা বাতিল করা হবে। প্রবেশপত্রে কোনোরূপ খসড়া বা কোনো কিছু লেখা যাবে না।

০৬। পরীক্ষার সময় পরীক্ষার্থীদের উভয়কান দৃশ্যমান রাখতে হবে।

০৭। মাস্ক পরিধান ব্যতিরেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না এবং কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

০৮। এ বিষয়ে যেকোন প্রয়োজনে প্রার্থীদের info.bsccs@bb.org.bd ইমেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মো: সাঈদুর রহমান খান)
পরিচালক, বাংলাদেশ ব্যাংক
ও
সদস্য সচিব, বিএসসি।